গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.০৩.০০২.২৪-৩৬০

তারিখঃ ২৫ চৈত্র ১৪৩০ / ০৮ এপ্রিল ২০২৪

# "সভার নোটিশ"

আগামী ১৮ এপ্রিল ২০২৪ তারিখ বেলা ১২.০০ ঘটিকার সময় জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম মহোদয়ের সভাপতিত্বে এপ্রিল ২০২৪ মাসের মাসিক সাধারণ/সমন্বয় সভা উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, সভায় উপস্থাপনযোগ্য কোন বিষয় থাকলে তা আগামী ১৭/০৪/২০২৪ তারিখের মধ্যে লিখিতভাবে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
মোবাইল নম্বর ঃ ০১৭৯৯৯৪১৫৫৫
ই-মেইল ঃ unobhurungamari@mopa.gov.bd

১। উপজেলা ............................................... অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। চেয়ারম্যান ..........................................ইউনিয়ন পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৩। জনাব ..............................................................
.........................................................................
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে) ঃ

১। জনাব এ কে এম মোস্তাফিজুর রহমান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫-কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা,উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

এপ্রিল/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থিতির তালিকা

পৃষ্ঠা নং: ৬৩

তারিখ: ১৫/০৪/২০২৪

| ক্র:নং: | নাম ও পদবী | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | ~~মো: নুরুন্নবী চেয়ারম্যান~~ | | |
| ১। | মো: নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান (উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী) | 01718926948 | [illegible] |
| ২। | মো: গোলাম ফেরদৌস উপজেলা নির্বাহী অফিসার | 01799941555 | |
| ৩। | মো: জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | | |
| ৪। | মোছা: জাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | 01733518477 | জাহানারা |
| ৫। | মো: আবু সাঈদ [illegible] UHFPO | 01718/075799 | [illegible] |
| ৬। | মো: [illegible] | 01738678094 | [illegible] |
| ৭। | মো: [illegible] | 01716-220624 | [illegible] |
| ৮। | মো: সাইদুল ইসলাম | 01734075832 | [illegible] |
| ৯। | মো: আসাদুজ্জামান | 01306367730 | [illegible] |
| ১০। | " ~~[illegible]~~ কামরুজ্জামান, [illegible] | 01745113361 | [illegible] |
| ১১। | মোছা: আমেনা বেগম | 01964248784 | [illegible] |
| ১২। | মো: সাহিনুর আলম, পিআইও | 01726608891 | [illegible] |
| ১৩ | মো: মিজানুর রহমান, DGM, পল্লী বিদ্যুৎ | 01769407330 | [illegible] |
| ১৪. | মো: সুজাবেল সরকার, সহকারী প্রোগ্রামার | 01741-641981 | [illegible] |
| ১৫ | মো: [illegible] UAEO | 01749331046 | [illegible] |
| ১৬ | মো: [illegible] পি আই | 01738151741 | [illegible] |
| ১৭ | মো: মোস্তাফিজুর রহমান (ভারপ্রাপ্ত) উপজেলা পরিসংখ্যান অফিসার | 01722079202 | [illegible] |
| ১৮ | মো: [illegible] | 0171653376 | [illegible] |
| ১৯ | মো: রতন মিয়া SAJDO | 01717423072 | [illegible] |
| ২০. | গুলশান আরা [illegible], তথ্যসেবা কর্মকর্তা, তথ্যকেন্দ্র ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম | 01313704393 | [illegible] |
| ২১. | মোছা: [illegible] পারভীন ORDO | 01719-199934 | [illegible] |
| ২২ | মো: [illegible] ইসলাম OC L&D | 01742922426 | [illegible] |
| ২৩ | মো: মোস্তফা আলী, উপসহকারী প্রাণিসম্পদ | 01744789395 | [illegible] |
| ২৪ | মো: [illegible] আলম [illegible] পল্লী সঞ্চয় ব্যাংক | 01719462118 | [illegible] |
| ২৫ | মো: [illegible], U.S.S.O | 01714706627 | [illegible] |
| ২৬ | মো: [illegible] রহমান, USEO | 01712-574803 | [illegible] |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

| | | |
|---|---|---|
| বিষয় | ঃ | উপজেলা পরিষদের এপ্রিল ২০২৪ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ | মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |
| সভার তারিখ ও সময়ঃ | | ১৮ এপ্রিল ২০২৪ সময়: বেলা ১২ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

(সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা সংশ্লিষ্ট হাজিরা বহিতে সংরক্ষিত রয়েছে)

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর আজকের সভাটি পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বিভাগ/দপ্তর ভিত্তিক আলোচনা শুরু করেন। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

১। বিগত সভার কার্যবিবরণী সম্পর্কে আলোচনা ঃ

উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণীর সারসংক্ষেপ সভায় উপস্থাপন করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ থাকলে তা সভায় উপস্থাপনের জন্য সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণকে অনুরোধ জানানো হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন, পরিমার্জন/সুপারিশ না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

২। উপজেলা প্রকৌশল দপ্তরঃ

(ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ২৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ১৯টি বিদ্যালয় কাজ সম্পন্ন হওয়ায় হস্তান্তরিত হয়েছে। অবশিষ্ট ৫টি সরকারি প্রাথমিক বিদ্যালয়য়ের কাজ চলমান। ২০২৩-২০২৪ অর্থ বছরে পিইডিপি -৪ প্রকল্পের আওতায় ০৩ টি প্যাকেজে প্রধান শিক্ষকের কক্ষ নির্মাণ কাজ চলমান এবং মধ্য পাথরডুবি প্রগতিশীল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণি কক্ষ নির্মাণ কাজের প্রশাসনিক অনুমোদন পাওয়া গেছে। যার টেন্ডার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান বর্তমানে ভোটহাট রাস্তার কাজ চলমান রয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি'র কাজ চলমান রয়েছে। কাজের অগ্রগতি সন্তোষক। আগামী ১৫ মে ২০২৪ তারিখের মধ্যে এডিপি'র সমস্ত কাজ প্রাক্কলন মোতাবেক শেষ হবে মর্মে তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন।

(খ) সভায় উপজেলা প্রকৌশলী, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম আরো জানান ভূরুঙ্গামারী উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, পুকুর, রাস্তা ঘাট মেরামতের জন্য ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক (কোড নং-২২১০০০৪০০) হতে অতিরিক্ত বরাদ্দ হিসেবে ৬০ (ষাট) লক্ষ টাকার নিম্নলিখিত প্রকল্পগুলি বাস্তবায়ন করা প্রয়োজন। প্রকল্পগুলি নিম্নরূপঃ নিম্নোক্ত প্রকল্পগুলি জনস্বার্থে বাস্তবায়ন করা প্রয়োজন মর্মে সভায় সকলেই একমত পোষণ করেন।

| ক্রমিক নং | প্রকল্পের নাম | বাস্তবায়ন | চাহিদা (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| ১. | উপজেলা পরিষদ সভাকক্ষ মেরামত ও সংস্কার করণ। | PPR | ১৪.০০ |
| ২. | উপজেলা শিশুপার্ক মেরামত ও সংস্কার করণ। | PPR | ১০.০০ |
| ৩. | উপজেলা চত্বরে বঙ্গবন্ধু ম্যুরাল চত্বর এর সৌন্দর্য বর্ধন। | PPR | ১৩.০০ |
| ৪. | উপজেলা পরিষদের রাস্তা আরসিসি করণ। | PPR | ১০.০০ |
| ৫. | উপজেলা পরিষদ গ্যারেজ মেরামত করণ। | PPR | ৩.০০ |
| ৬. | উপজেলা পরিষদের ৫নং আবাসিক ভবন মেরামত ও সংস্কার করণ। | PPR | ১০.০০ |
| | | সর্বমোট= | ৬০.০০ |

সিদ্ধান্ত ঃ (ক) গৃহীত অন্যান্য প্রকল্পসহ ২০২৩-২০২৪ অর্থ বছরে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাজ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্ত ঃ (খ) ভূরুঙ্গামারী উপজেলা পরিষদের বিভিন্ন অফিস, বাসা-বাড়ি, পুকুর, রাস্তা ঘাট মেরামতের জন্য ২০২৩-২৪ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে "উপজেলা উন্নয়ন সহায়তা" থোক (কোড নং-২২১০০০৪০০) হতে অতিরিক্ত বরাদ্দ হিসেবে ৬০ (ষাট) লক্ষ টাকার বর্ণিত প্রকল্পগুলি বাস্তবায়নের সদয় অনুমোদনসহ প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী এলজিইডি , ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান স্বাস্থ্য বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। তিনি সভায় জানান বর্তমানে সারাদেশে তাপদাহ বিরাজমান রয়েছে। চলমান তাপদাহ থেকে সবাইকে সর্তক থাকার পরামর্শ প্রদান করেন। তিনি সভায় আরো জানান হাসপাতালে আগত গর্ভবতী মহিলাসহ অন্যান্য রোগীদের স্বাভাবিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা হচ্ছে।

সিদ্ধান্ত ঃ হাসপাতালে আগত গর্ভবতী মহিলাসহ অন্যান্য রোগীদের সুচিকিৎসাসহ জনগণের স্বাস্থ্য সেবা নিশ্চিত করার জন্য সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৪। উপজেলা প্রাণিসম্পদ দপ্তরঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান এ উপজেলায় বর্তমানে প্রাণিসম্পদ প্রদর্শনী চলছে। তিনি প্রাণিসম্পদ প্রদর্শনী সফল করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। প্রাণিসম্পদ বিভাগের দাপ্তরিক অন্যান্য কাজসহ গবাদি পশুর চিকিৎসা কার্যক্রম অব্যাহত রয়েছে।

সিদ্ধান্ত ঃ গবাদি-পশুর চিকিৎসা সেবাসহ উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূরুঙ্গমারী, কুড়িগ্রাম।

৫। উপজেলা শিক্ষা বিভাগ ঃ

উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলো না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় যথারীতি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৬। উপজেলা রিসোর্স সেন্টার ঃ

ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেলো না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় যথারীতি উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৭। উপজেলা কৃষি বিভাগ ঃ

উপজেলা কৃষি অফিসার সভায় জানান কৃষি বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। চলতি বোরো মৌসুমে ১৬৪৫০ হেক্টর জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। মাঠে ফসলের আবাদ ভালো। আগাম জাতের বোরো ধান কাটা শুরু হয়েছে। কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে মর্মে সভায় জানান।

সিদ্ধান্ত ঃ কৃষি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখাসহ চলতি বোরো মৌসুমে কৃষকদেরকে প্রয়োজনীয় সহায়তার জন্য উপজেলা কৃষি অফিসারকে পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা কৃষি অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর ঃ

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামের প্রতিনিধি ভারপ্রাপ্ত কর্মকর্তা, জয়মনিরহাট খাদ্য গুদাম সভায় জানান খাদ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ খাদ্য বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ মাধ্যমিক শিক্ষার মান উন্নয়নে প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণসহ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে বিদ্যালয় পরিদর্শন পূর্বক আগামী সভায় প্রতিবেদন উপস্থাপন করার জন্য সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১০। উপজেলা পল্লী উন্নয়ন দপ্তরঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১১। উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর ঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১২। উপজেলা যুব উন্নয়ন দপ্তরঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা যুব উন্নয়ন অফিসের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৩। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ ঃ

উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ভূরুঙ্গামারী সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে তিনি সভায় আরো জানান এ উপজেলায় সরকারি ভাবে ল্যাট্রিন বরাদ্দ পাওয়া গেছে। ল্যাট্রিনগুলো ইউনিয়ন ভিত্তিক বিভাজন করতঃ উপকারভোগীদের তালিকা প্রস্তুত করা প্রয়োজন। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ প্রাপ্ত ল্যাট্রিনগুলো ইউনিয়ন ভিত্তিক বিভাজন করতঃ ইউপি চেয়ারম্যানগণের সমন্বয়ে মিটিং করে উপকারভোগীদের তালিকা প্রস্তুত পূর্বক দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ইউপি চেয়ারম্যান সকল, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৪। উপজেলা পরিসংখ্যান বিভাগ ঃ

উপজেলা পরিসংখ্যান অফিসার এর প্রতিনিধি সভায় জানান পরিসংখ্যান বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ পরিসংখ্যান বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৫। উপজেলা আনসার ও ভিডিপি দপ্তর ঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।

সিদ্ধান্ত ঃ উপজেলা আনসার ও ভিডিপি বিভাগের কার্যক্রমকে গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৬। ইসলামিক ফাউন্ডেশন ঃ

ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন সভায় অনুপস্থিত থাকায় ইসলামিক ফাউন্ডেশনের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৭। উপজেলা সমাজসেবা দপ্তর ঃ

উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান এ উপজেলায় সমাজসেবা বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে।

সিদ্ধান্ত ঃ বিভিন্ন ভাতাভোগীকে সরকার প্রদত্ত ভাতা যথাসময়ে প্রদানসহ সমাজসেবা বিভাগের কার্যক্রমকে অধিকতর গতিশীল রাখার জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা সমাজ সেবা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৮। পল্লী বিদ্যুৎ সমিতি ঃ

ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় পল্লী বিদ্যুৎ বিভাগের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে মর্মে জানান।

সিদ্ধান্ত ঃ কৃষি উৎপাদন বৃদ্ধির স্বার্থে চলতি সেচ মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

১৯। কাস্টমস্ বিভাগ ঃ

সভায় রাজস্ব কর্মকর্তা অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ রাজস্ব কর্মকর্তা, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২০। ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত ঃ বিভাগীয় কার্যক্রমকে গতিশীল রাখার জন্য এবং চলতি অর্থ বছরে গৃহিত প্রকল্পের কাজ যথাসময়ে ও গুণগত মান বজায় রেখে বাস্তবায়নের জন্য সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২১। মৎস্য বিভাগঃ

উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২২। পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৩। সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা সমবায় অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৪। আইসিটি বিভাগঃ

সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। তিনি সভায় উপস্থিত সকলকে স্ব-স্ব দপ্তরের সকল কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ জানান। জাতীয় তথ্য বাতায়ন আপডেট করার জন্যও তিনি সভায় উপস্থিত সকলকে অনুরোধ জানান।

সিদ্ধান্ত ঃ সকল দপ্তরের স্ব-স্ব কার্যক্রম ওয়েব পোর্টালে আপলোড করার জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়/সংশ্লিষ্ট (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৫। বনবিভাগ ঃ

ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান বনবিভাগের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ বন বিভাগের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রামকে সভায় পরামর্শ প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ফরেষ্টার, বনবিভাগ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৬। পল্লী সঞ্চয় ব্যাংক ঃ

ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি চলছে।

সিদ্ধান্ত ঃ পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রমকে আরো গতিশীল রাখার জন্য তাকে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

বাস্তবায়নেঃ ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৭। উপজেলা নির্বাচন অফিস ঃ

উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় তার দপ্তরের স্বাভাবিক কার্যক্রম অব্যাহত রয়েছে মর্মে জানান। তিনি সভায় আসন্ন ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত ঃ আসন্ন ৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় উপজেলা নির্বাচন অফিসারকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নেঃ উপজেলা নির্বাচন অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৮। মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবন সংক্রান্ত ঃ

বীরমুক্তিযোদ্ধা জনাব মহিউদ্দিন আহম্মেদ, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান এ উপজেলায় বীরমুক্তিযোদ্ধাগণের কোন সমস্যা নেই।

সিদ্ধান্ত ঃ বীরমুক্তিযোদ্ধাগণ কোন সমস্যায় পরিলক্ষিত হলে তাৎক্ষনিকভাবে উপজেলা নির্বাহী অফিসারের গোচরিভূত করার জন্য সাবেক কমান্ডারকে অনুরোধ জানানো হয়।

বাস্তবায়নে ঃ বীরমুক্তিযোদ্ধা মহিউদ্দিন আহম্মেদ, সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, ভূরুঙ্গামারী উপজেলা কমান্ড, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

২৯। বিএডিসি (সেচ) ঃ

উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তরের কার্যক্রম সম্পর্কে জানা গেল না।

সিদ্ধান্ত ঃ তাকে আগামী সভায় উপস্থিত থাকার জন্য বলা হয়।

বাস্তবায়নেঃ উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

৩০। নিরাপদ খাদ্য বিভাগ ঃ

সভায় উপস্থিত নিরাপদ খাদ্য কর্মকর্তা, কুড়িগ্রাম জানান তার দপ্তরের কার্যক্রম যথারীতি পরিচালিত হচ্ছে। জনসাধারণের নিরাপদ খাদ্য নিশ্চিত করার জন্য ভূরুঙ্গামারী উপজেলায় জনপ্রতিনিধিদের সমন্বয়ে একটি অবহিত করণ সভা করার বিষয়ে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। এ বিষয়ে সভায় আলোচনা হয়।

সিদ্ধান্ত ঃ আগামী ২৪/০৪/২০২৪ তারিখ বেলা ১১.৩০ ঘটিকার সময় এ উপজেলার ৫০জন জনপ্রতিনিধি'র সমন্বয়ে জনসচেতনতা মূলক কর্মশালা অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, কুড়িগ্রাম।

৩১। হাট বাজার সংক্রান্ত ঃ

উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম সভায় জানান জেলাধীন ভূরুঙ্গামারী উপজেলায় ক্যালেন্ডার ভূক্ত ২০টি হাট-বাজার ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত এ কার্যালয়ের স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০২৬.২৪-৬২(১০০) তারিখঃ ২৯/০১/২০২৪ মোতাবেক বিজ্ঞপ্তি জারী করা হলে প্রথম দফায় ১০টি হাট বাজারের অনুকূলে দরপত্র দাখিল হয়। দাখিলকৃত দরপত্রের আলোকে দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সরকারি মূল্যের চেয়ে দর বেশী হওয়ায় ১০টি হাটের ইজারা প্রদান করা হয়। ভূরুঙ্গামারী হাটবাজারসহ অপরাপর ১০টি হাট বাজারের অনুকূলে কোন দরপত্র বিক্রয় বা দরপত্র দাখিল না হওয়ায় পুন:রায় ব্যাপক প্রচার-প্রচারণা চালানো হয়। কিন্তু ২য় ও ৩য় দফায় অবশিষ্ট ১০টি হাটের অনুকূলে কোন সিডিউল বিক্রয় কিংবা দরপত্র দাখিল হয়নি। তবে ৪র্থ দফায় ১০টি হাটের মধ্যে কেবল মাত্র বলদিয়া হাট বাজারের অনুকূলে ১টি সিডিউল বিক্রয় হয় এবং দরপত্র দাখিল হয়। দাখিলকৃত দরপত্রের পরিপ্রেক্ষিতে হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটির সিদ্ধান্তের আলোকে কাঙ্খিত মূল্য দাখিল হওয়ায় এ কার্যালয়ের স্মারক নং ০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০২৬.২৪-২৫১ তারিখঃ ০৫/০৩/২০২৪ মোতাবেক বলদিয়া হাট বাজারটি ইজারা প্রদান করা হয়। অবশিষ্ট ৯টি হাট বাজারের ইজারা প্রদানের লক্ষ্যে সর্বশেষ এ কার্যালয়ের স্মারক নং-০৫.৪৭.৪৯০৬.০০০.১৩.০২৬.২৪-৩২২(১০০) তারিখঃ ২৮/০৩/২০২৪ মোতাবেক পুন: বিজ্ঞপ্তি জারী করা হয়। এ পর্যায়ে ভূরুঙ্গামারী হাটবাজারের অনুকূলে ২টি দরপত্র ও অন্যান্য হাট বাজারের অনুকূলে ৬টি দরপত্র বিক্রয় হয়। দরপত্র দাখিলের নির্ধারিত তারিখে ভূরুঙ্গামারী হাট বাজারের অনুকূলে ২টি দরপত্র যথাক্রমে (১) জনাব মোঃ খায়রুল আলম কর্তৃক দাখিলকৃত দর ১,৬০,০০,০০০/- (এক কোটি ষাট লক্ষ) টাকা এবং জনাব মোঃ আনোয়ারুল হক কর্তৃক দাখিলকৃত দর ১,৩০,০০,০০০/- (এক কোটি ত্রিশ লক্ষ) টাকা পাওয়া যায়। অন্যান্য ৮টি হাট বাজারের মধ্যে (১) বঙ্গসোনাহাট হাট বাজারের অনুকূলে জনাব মোঃ নাঈম হাসান ১১০০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা (২) ব্রীজের পাড় হাট-বাজারে জনাব মোঃ নাঈম হাসান ৫০০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (৩) জয়মনিরহাট হাট-বাজারের অনুকূলে জনাব মোঃ রবিউল আলম ১৭১০০০/- (এক লক্ষ একাত্তর হাজার) টাকা (৪) ধামেরহাট হাট বাজারের অনুকূলে জনাব মোঃ সাইফুর রহমান ২৫০০০/- (পঁচিশ হাজার) টাকা (৫) চৌধুরী বাজার হাটের অনুকূলে জনাব মোঃ নাঈম হাসান ৫৮৬০/- (পাঁচ হাজার আটশত ষাট) টাকার দরপত্র দাখিল করেন। ঢেপঢেপীর হাট, দেবীর হাট ও নতুনহাটের কোন দরপত্র বিক্রয় কিংবা দাখিল হয়নি। বর্ণিত ৫টি হাটের মধ্যে চৌধুরী বাজার হাট বাজারটি সরকারি মূল্যের চেয়ে বেশি মূল্যে দরপত্র দাখিল হওয়ায় হাট বাজার ইজারা ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের আলোকে জনাব মোঃ নাঈম হাসান এর অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ভূরুঙ্গামারী হাটবাজার সহ অন্যান্য ৪টি হাট বাজার নির্ধারিত ইজারা মূল্যের চেয়ে কম মূল্যে দরপত্র দাখিল হওয়ায় ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদান করা সম্ভব হয়নি।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম ও সভাপতি, উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় জানান উপজেলার যোগাযোগ ব্যবস্থা ভালো হওয়ায় ব্যবসায়ীরা প্রত্যন্ত এলাকায় মালামাল ক্রয় করে সরাসরি দেশের বিভিন্ন এলাকায় নিয়ে যাচ্ছে। ভূরুঙ্গামারী হাট-বাজারটি গরু নির্ভর ক্রয়-বিক্রয় হাট। ১৪৩০ বাংলা সনে বর্ণিত হাটের সর্বোচ্চ দর ১,৭২,২১,০০০/- টাকায় দরপত্র দাখিল হলেও চলতি ১৪৩১ বাংলা সনে তৃতীয় পর্যায় পর্যন্ত কেহ দরপত্র ক্রয় বা দাখিল করেনি। ৪র্থ বার পুন: দরপত্র আহবান করা হলে সর্বোচ্চ ১,৬০,০০,০০০/- টাকায় জনাব মোঃ খায়রুল আলম দরপত্র দাখিল করেন। এ পর্যায়ে ইউপি চেয়ারম্যান, ভূরুঙ্গামারী সদর বলেন জনাব মোঃ খায়রুল আলম কর্তৃক দাখিলকৃত দরটি সরকারি মূল্যের চেয়ে অনেক কম। দিন দিন এই হাট বাজারটি তার ঐতিহ্য হারিয়ে ফেলছে ফলে রাজস্ব আদায় ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে। তিনি রাজস্ব বৃদ্ধির লক্ষে কি ধরনের ব্যবস্থা গ্রহণ করা যায়, সে বিষয়ে সকলের দৃষ্টি আকর্ষণ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে জানান, হাট বাজার ব্যবস্থাপনা ও ইজারা নীতিমালার আলোকে সকল প্রক্রিয়া সম্পন্ন করার পরও যদি তৃতীয় বার পর্যন্ত দরপত্র আহবান সত্ত্বেও সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তবে উহার কারণ উল্লেখ পূর্বক হাট-বাজার ব্যবস্থাপনা ও ইজারা পদ্ধতি নীতিমালার ২নং ক্রমিকের ২.১০ উপ-অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ে আলোচ্য সভার কার্যবিবরণী প্রেরণ করা যেতে পারে। জেলা প্রশাসকের কার্যালয় হতে পরবর্তী নিদের্শনা না পাওয়া পর্যন্ত খাস আদায় অব্যাহত রাখতে হবে। এ সময়ে কি পরিমাণ খাস আদায় হয়েছে এবং দাখিলকৃত সর্বোচ্চ দর ১,৬০,০০,০০০/- টাকা গড় মূল্যের কি ধরনের তফাৎ পরিলক্ষিত হয় তা পরবর্তী সভায় আলোচনা ও পর্যালোচনা করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ জেলাধীন ভূরুঙ্গামারী উপজেলার ভূরুঙ্গামারী হাট-বাজারটি ১৪৩১ বাংলা সনের জন্য সরকারি কাঙ্খিত মূল্য প্রাপ্তির লক্ষ্যে ব্যাপক প্রচার-প্রচারণা সত্বেও সরকারি মূল্য অর্জিত হয়নি। সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের মতামতের ভিত্তিতে সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ খায়রুল আলম কর্তৃক দাখিলকৃত ১,৬০,০০,০০০/- (এক কোটি ষাট লক্ষ) টাকার দরটি গ্রহণ করার নিমিত্তে সভার কার্যবিবরণী জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা প্রশাসকের কার্যালয় হতে পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত খাস আদায় অব্যাহত রাখার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

৩২। <u>উপজেলা পরিষদঃ</u>

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তা গত মার্চ/২০২৪ মাসের খরচের বিবরণী সভায় উপস্থাপন করেন। জনস্বার্থে ও অফিসের জরুরী প্রয়োজনে ব্যয়সমূহ করা হয়েছে বিধায় তা অনুমোদনের জন্য অনুরোধ জানান।

<u>মাসের নাম ঃ মার্চ ২০২৪</u>

| নং | <u>ব্যয়ের বিবরণী</u> | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের সম্মানী ভাতা ও বাসাভাড়া বিল প্রদান | ৪৫,০০০/- |
| ২. | জনাব মোঃ জালাল উদ্দিন মন্ডল, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৩. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের সম্মানী ভাতা বিল প্রদান | ২৭,০০০/- |
| ৪. | জনাব মোঃ নুরুন্নবী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ১১,২৫০/- |
| ৫. | জনাব মোঃ জালাল উদ্দিন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৬. | জনাব মোছাঃ শাহানারা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের ভ্রমণ ভাতা বিল প্রদান | ৮০০০/- |
| ৭. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৮. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ১৫৯৫০/- |
| ৯. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ২০০০/- |
| ১০. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে মার্চ/২০২৪ মাসের মজুরী বাবদ বিল প্রদান | ৩০০০/- |
| ১১. | শ্রী সঞ্জয় বসাক, হোটেল শুভ এন্ড রেষ্টুরেন্ট, ভূরুঙ্গামারীকে মার্চ/২০২৪ মাসের আপ্যায়ন বিল প্রদান (ভ্যাটসহ) | ৩০,০০০/- |
| ১২. | মোঃ আসাদুজ্জামান, আসাদ ফটোস্ট্যাট, ভূরুঙ্গামারী মার্চ/২০২৪ মাসের আনুসাঙ্গিক খরচের বিল প্রদান (ভ্যাটসহ) | ৫,০০০/- |
| ১৩. | মোঃ শাহিনুর আলম, টেকনিশিয়ান, ইউএনও অফিস, মার্চ/২০২৪ মাসের মডেম রিচার্জ বিল প্রদান (ভ্যাটসহ) | ৬৩০০/- |
| ১৪. | শ্রীমতি সোভারানী, ভূরুঙ্গামারী মার্চ/২০২৪ মাসের উপজেলা পরিষদ চত্বর পরিস্কারকরণের মজুরী বিল প্রদান (ভ্যাটসহ) | ৭,০০০/- |
| ১৫. | মোঃ আবু তালেব, মেসার্স মা ফার্নিচার মাঠ, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের সোফা সেট সরবরাহের বিল (ভ্যাটসহ) | ২৫০০০/- |
| ১৬. | মোঃ শাহজাহান আলী আকন্দ, সুমন টাইল্স ঘর, বাগভান্ডার। উপজেলা পরিষদদ চত্বরে পানির লাইন স্থাপন বিল (ভ্যাটসহ) | ২৫০০০/- |
| ১৭. | মোঃ শাহজাহান আলী আকন্দ, সুমন টাইল্স ঘর, বাগভান্ডার। উপজেলা পরিষদদ চত্বরে পানির লাইন স্থাপন বিল (ভ্যাটসহ) | ২৪৮০০/- |
| ১৮. | মোঃ শাহজাহান আলী আকন্দ, সুমন টাইল্স ঘর, বাগভান্ডার। উপজেলা পরিষদদ চত্বরে পানির লাইন স্থাপনের মালামাল বিল (ভ্যাটসহ) | ২৪৯০১/- |
| ১৯. | মোঃ শাহজাহান আলী আকন্দ, সুমন টাইল্স ঘর, বাগভান্ডার। উপজেলা পরিষদদ চত্বরে পানির লাইন স্থাপনের মালামাল বিল (ভ্যাটসহ) | ২৫০০০/- |
| ২০. | মোঃ আবু তালেব, মেসার্স মা ফার্নিচার মাঠ, ভূরুঙ্গামারী। উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের সোফা সেট সরবরাহের বিল (ভ্যাটসহ) | ২৫০০০/- |
| ২১. | মোঃ জাহাঙ্গীর আলম, সেনেটারী মিস্ত্রি, দেওয়ানের খামার। উপজেলা পরিষদ চত্বরে পানির লাইন স্থাপন কাজের মজুরী বিল | ২৫০০০/- |
| ২২. | মোঃ আব্দুল লতিফ, ইউপি সদস্য, ভূরুঙ্গামারী। ভূরুঙ্গামারী উপজেলা পরিষদের অফিসার্স ক্লাবের সামনে ড্রেন নির্মাণ ও গেজেটড কোয়াটার সংলগ্ন ড্রেন মেরামত করণ বিল (ভ্যাটসহ) | ২০০০০০/- |
| ২৩. | বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক ইত্তেফাক, ঢাকা। ১৪৩১ বাংলা সনের হাট বাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তির বিল (ভ্যাটসহ)। | ৪১৪০০/- |
| ২৪. | বিজ্ঞাপন ব্যবস্থাপক, দৈনিক কুড়িগ্রাম খবর। ১৪৩১ বাংলা সনের হাট বাজার ইজারা সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তির বিল (ভ্যাটসহ)। | ২২০৮০/- |
| ২৫. | মোঃ শাহিনুর আলম, মালী, উপজেলা পরিষদকে ঈদুল ফিতর/২০২৪ মাসের উৎসব ভাতার বিল প্রদান | ৮২৫০/- |
| ২৬. | মোঃ আমিনুর রহমান, পরিচ্ছন্নতাকর্মী, উপজেলা পরিষদকে ঈদুল ফিতর/২০২৪ মাসের উৎসব ভাতার বিল প্রদান | ৮২৫০/- |
| ২৭. | মোঃ আঃ হামিদ, পাহাড়াদার, উপজেলা পরিষদকে ঈদুল ফিতর/২০২৪ মাসের উৎসব ভাতার বিল প্রদান | ২০০০/- |
| ২৮. | মোঃ আঃ রহিম বাদশা, পানির পাম্পচালক, উপজেলা পরিষদকে ঈদুল ফিতর/২০২৪ মাসের উৎসব ভাতার বিল প্রদান | ৫০০০/- |

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে বর্ণিত ব্যয়সমূহ জনস্বার্থে করা হয়েছে বিধায় উক্ত ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করা হয়। চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরে এডিপি প্রকল্পসহ গৃহীত অন্যান্য প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়নের জন্য সভায় সংশ্লিষ্টদের প্রতি অনুরোধ জানানো হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নুরুন্নবী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
www.bhurungamari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৬.০০৪.২৪-৩৮০

তারিখঃ ০৫ বৈশাখ ১৪৩১ / ১৮ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ সমন্বয় কমিটি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
৫। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯। উপজেলা ........................................................................................ অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০। চেয়ারম্যান, ............................................. ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১। জনাব ..........................................................................................................................................
১২। অফিস কপি।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।